গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা
www.mole.gov.bd

**"দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন ও কার্যক্রম সম্প্রসারণ ও জোরদারকরণে রাঙামাটির ঘাঘড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি) ৬ষ্ঠ সভার কার্যবিবরণীঃ**

| | |
|---|---|
| **সভাপতি** | : জনাব মোঃ এহছানে এলাহী, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| **সভার তারিখ** | : ২০ সেপ্টেম্বর, ২০২১ |
| **সময়** | : দুপুর ১২.৩০ ঘটিকা |
| **স্থান** | : মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| **উপস্থিতি** | : **পরিশিষ্ট- 'ক'** |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রণালয়ের উপসচিব শরীফ মোঃ ফরহাদ হোসেন প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরেন। তিনি জানান প্রকল্পটির প্রারম্ভিক মেয়াদকাল এপ্রিল ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ ও প্রাক্কলিত ব্যয় ৬১৬৯.০১ লক্ষ টাকা। প্রকল্পটির মূল উদ্দেশ্য দেশের পার্বত্য অঞ্চলে কর্মরত শ্রমিক এবং তাদের পরিবারের সদস্যদের সামজিক কল্যাণ, পেশাগত দক্ষতা উন্নয়ন ও কর্মক্ষেত্রে শ্রমিকের অধিকার প্রতিষ্ঠার সুনিশ্চিয়তাসহ বিবিধ সেবামূলক কার্যক্রম সম্প্রসারণ করা। প্রকল্পটির ক্রয় পরিকল্পনা ও কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে পাওয়া যায়নি। প্রকল্পের সর্বশেষ ৫ম পিএসসি সভা গত ০৪/০৫/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা করা হয় । কার্যবিরণীতে কোন সংশোধন বা পরিমার্জন না থাকায় তা সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। প্রকল্পটির সর্বশেষ ৪র্থ পিইসি সভা গত ২৯/০৩/২০২১ তারিখে অনুষ্তিত হয়। তিনি গত পিএসসি এবং পিআইসি সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়নসহ সার্বিক অগ্রগতি বিষয়ে সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালক-কে অনুরোধ করেন।

**২। আলোচনাঃ**

**(ক)** প্রকল্পের ভৌত অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক, জনাব মোঃ আবু আশরীফ মাহমুদ সভা-কে অবহিত করেন যে, প্রকল্পের কাজ ডিপিপি অনুযায়ী যথাযথভাবে সম্পন্ন হচ্ছে। প্রকল্পটির কর্মপরিকল্পনা এখনও প্রণয়ন করা সম্ভব হয়নি। দ্রুত এটি প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৯৫%।

**(খ)** প্রকল্পের আর্থিক অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটির অনুকুলে ২০২১-২২ অর্থবছরে ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। উক্ত এডিপি বরাদ্দের বিপরীতে সেপ্টেম্বর, ২০২১ পর্যন্ত কোন অর্থ অবমুক্ত এবং ব্যয় হয়নি। প্রকল্পটির ক্রমপুঞ্জিত অগ্রগতি ৫০০১.৯ লক্ষ টাকা অর্থাৎ ডিপিপি'র প্রাক্কলন অনুযায়ী আর্থিক অগ্রগতি ৮১.০৮%। বরাদ্দ অনুযায়ী ০%

**(গ)** প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে প্রকল্প পরিচালক বলেন যে, প্রকল্পের কাজ নির্ধারিত সময়ে শেষ করতে না পারায় প্রকল্পের ১ম সংশোধিত মেয়াদ ৩১শে ডিসেম্বর পর্যন্ত ০১ (এক) বছর বৃদ্ধি করে আরডিপিপি পরিকল্পনা কমিশনের অনুমোদন পাওয়া গিয়েছে। তিনি আরো জানান, গত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়নি। দেশব্যাপি লকডাউনের কারনে প্রকল্প এলাকা সরেজমিন পরিদর্শন করা সম্ভব হয়নি। দ্রুত পরিদর্শন করে প্রতিবেদন মন্ত্রনালয়ে প্রেরণ করা হবে।

ঘ) অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন প্রকল্পটি ডিসেম্বর, ২০২১ এ সমাপ্তি হবে। দ্রুত প্রকল্পে এলাকা সরেজমিনে পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের গুনগতমান বজায় রেখে সুষ্ঠুভাবে প্রকল্প সমাপ্তি করতে হবে। উক্ত সভায় পরিকল্পনা কমিশন, আইএমইডি ও অর্থ বিভাগের প্রতিনিধিগণ আলোচনায় অংশগ্রহণ করেন।

৩। **সিদ্ধান্ত:** বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক. প্রকল্পের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা এবং ক্রয় পরিকল্পনা দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।
খ. দ্রুত প্রকল্পে এলাকা সরেজমিনে পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
গ. প্রকল্প কাজের গুণগতমান বজায় রেখে ডিসেম্বর, ২০২১ এর মধ্যে নির্মান কাজ সমাপ্ত করতে হবে;
ঘ. প্রকল্পের অডিট সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং
ঙ. প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে পিসিআর প্রদান করতে হবে।

**বাস্তবায়ন:** প্রকল্প পরিচালক,সেনা কল্যান সংস্থা(ডিপিএম সেল)

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৮/১০/২০২১
( মোঃ এহছানে এলাহী )
সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও সভাপতি,
প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)
দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন
কার্যক্রম সম্প্রসারণ ও জোরদারকরণে রাঙামাটির ঘাগরায় একটি
বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্প